
৬

দৈনিক সংবাদ

তারিখ 12 JUN 1996
পৃষ্ঠা ২০ কলাম ৫-৬



নটরডেম কলেজের মূল ভবন

# নটরডেম–'আমাদের লেডি' কলেজ

মতিঝিল থেকে সোজা গিয়ে বাংলাদেশ ব্যাংক ছেড়ে উত্তর দিকে এগুলে যে ভবনটি সামনে পড়বে তার নাম কি? অনেকেই জানেন না। আবার অনেকে জানেনও। এটি হলো নটরডেম কলেজ। ভাষাগত দিক থেকে এর অর্থ হচ্ছে ''আমাদের লেডি কলেজ''। নটরডেম হচ্ছে ইংরেজী ''আওয়ার লেডী''–এর প্রতিশব্দ। সর্বজনীন শিক্ষামাত্রেরই ভিত্তি হচ্ছে জীবন সম্বন্ধে গভীর ধারণা আয়ত্ত করা, তাই তার মূলে থাকে বিশেষ এক দর্শন। নটরডেম কলেজ প্রতিষ্ঠার মূল নীতি হচ্ছে মানুষকে পূর্ণাঙ্গ রূপে গড়ে তোলা। এ প্রতিষ্ঠান শুধু পাঠ্যবই মুখস্থ করার কাজে ছাত্রদের প্রস্তুত করা নয়, কিভাবে জীবনযাপন করতে হয়, তারও শিক্ষা দেয়া।

এ কলেজ যাঁর উদ্দেশ্যে নিবেদিত তিনি হচ্ছেন খ্রীষ্টানদের যীশুখ্রিষ্ট–এর মাতা মেরী। নটরডেম নামকরণ করার পিছনে আরও একটি যুক্তি রয়েছে, তা হলো এ কলেজ যেন হলিক্রস ফাদারদের দ্বারা পরিচালিত আমেরিকায় অবস্থিত নটরডেম বিশ্ববিদ্যালয়ের নিয়মাবলিও মেনে চলতে পারে।

কলেজের নীতি হচ্ছে DILIGITE LUMEN SAPINTIAE-এর আভিধানিক অর্থ হলো জ্ঞানের আলোকে ভালবাসা। এটা ল্যাটিন ভাষা এবং বাইবেল হতে নেয়া হয়েছে।

নটরডেম কলেজ প্রথমে ১৯৪৯ সালে ''সেন্ট গ্রেগরী'' কলেজ নামে স্থাপিত হয়। ১৯৫৪–৫৫ শিক্ষাবর্ষে নাম পরিবর্তন করে ''নটরডেম কলেজ'' রাখা হয় এবং নিজস্ব ভবনে স্থানান্তরিত হয়। কলেজটি রোমান ক্যাথলিক শিক্ষা প্রতিষ্ঠান হলেও সকল ধর্মাবলম্বী ছাত্রদের ভর্তির সুযোগ দিয়ে থাকে। বাংলাদেশে অবস্থিত ক্রুশ সমাজের ফাদারগণ দ্বারা কলেজটি পরিচালিত।

বিশেষ এক ধর্মীয় সম্প্রদায়ের সভ্যরূপে তাঁরা তাঁদের ঈশ্বরের সেবা ও যুব সমাজের শিক্ষাদানে জীবন উৎসর্গ করেন। শিক্ষক হিসেবে তারা অভিজ্ঞ ও দক্ষ বলে সুপরিচিত। উত্তর আমেরিকাতে এই ফাদারগণ নটডেম বিশ্ববিদ্যালয়, পোর্টল্যান্ড বিশ্ববিদ্যালয়, কীংস মহাবিদ্যালয় ও স্টোনহিল মহাবিদ্যালয় এবং দক্ষিণ আমেরিকার দেশ চিলির স্যান্টিয়াগোতে সেন্ট জর্জ মহাবিদ্যালয় পরিচালনা করেন। বর্তমানে নটরডেম কলেজ শিক্ষাদান ও পরিচালনা কার্য কয়েকজন ধর্মযাজক এবং বেশ কিছুসংখ্যক অভিজ্ঞ অযাজকীয় শিক্ষাবিদদের দ্বারা সম্পাদিত হচ্ছে। এই কলেজে কোন ছাত্রী নেই। কেবল ছাত্রদের পড়ানো হয়। ক্লাসের প্রভাষণ, পরীক্ষাগারে নিয়মিত অনুশীলন, সাপ্তাহিক ও পাক্ষিক পরীক্ষাসমূহ এবং আনুষঙ্গিক বিবিধ শিক্ষা কার্যক্রমে শিক্ষকরা অত্যন্ত যত্নশীল।

এই কলেজে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখায় এবং স্নাতক শ্রেণীতে শিক্ষা গ্রহণের সুযোগ রয়েছে। এখানে ছাত্রদের বোর্ড অনুমোদিত নিয়মাবলি অনুসরণ ও পাঠ্যসূচির বাইরে পাঠ্যসূচি বহির্ভূত কার্যক্রমে অংশগ্রহণ করার সুযোগ আছে। নিয়মিত ক্লাসে যোগদান ও ব্যবহারিক ক্লাস করা ও সাপ্তাহিক ল্যাব রিপোর্ট প্রস্তুত করা সকলের জন্য আবশ্যক।

এই কলেজে আনুষঙ্গিক বিবিধ বিদ্যা কার্যক্রমের জন্য কয়েকটি ক্লাব রয়েছে। যেমনঃ (১) নটরডেম ডিবেটিং ক্লাব, (২) নটরডেম বিজ্ঞান ক্লাব, (৩) নটরডেম এডভেঞ্চার ক্লাব, (৪) নটরডেম বিজনেস ক্লাব, (৫) নটরডেম চেস ক্লাব, (৬) নটরডেম ন্যাচার স্টাডি ক্লাব, (৭) নটরডেম কম্পিউটার ক্লাব, (৮) নটরডেম মানবিক সংঘ, (৯) নটরডেম রোভার দল, (১০) সমবৃন্ত উপস্থাপন কলা কেন্দ্র, (১১) নটরডেম যুব রেড ক্রিসেন্ট।

❑ ফরিদুর রহমান নিছক